# AKASHVANI (AIR)
# RNU : KOLKATA
# Bengali Text Bulletin

**Date: 26.08.2024 Time: 7.35AM**

বিশেষ বিশেষ খবর –

১/ RG KAR মেডিক্যাল কলেজ হাসপাতালে আর্থিক দুর্নীতির তদন্তে অন্ততঃ ১৫'টি জায়গায় তল্লাশী চালিয়েছে সিবিআই।

২/ রাজ্য সরকার, তথ্য লোপাটের চেষ্টা করেছে বলে অভিযোগ বিজেপির। একাধিক কর্মসূচীর ঘোষণা।

৩/ RG KAR কান্ডে বাস্তবিক দোষীদের চিহ্নিত করার পাশাপাশি নির্যাতিতার জন্য বিচার চেয়ে 'গণ কনভেনশনে'র ডাক দিয়েছে আন্দোলনরত জুনিয়ার চিকিৎসকরা।

৪/ ছাত্র সমাজের ব্যানারে ডাকা নবান্ন অভিযানকে কেন্দ্র করে চরমে রাজনৈতিক তরজা।

৫/ পরিবারের কেউ রাজনীতির সঙ্গে যুক্ত নন, এমন যুবক যুবতীদের রাজনৈতিক ব্যবস্থায় সামিল হওয়ার জন্য আবেদনে বিপুল সাড়া মিলেছে বলে 'মন কি বাত'-এ জানিয়েছেন প্রধানমন্ত্রী।

৫/ নিম্নচাপ ও মৌসুমী অক্ষরেখার প্রভাবে আজ'ও দক্ষিণবঙ্গের বেশীরভাগ জায়গায় আজ'ও বৃষ্টি চলছে।

*************************************************************

কলকাতার RG KAR মেডিক্যাল কলেজ হাসপাতালে আর্থিক দুর্নীতির তদন্তে CBI গতকাল অন্ততঃ ১৫'টি জায়গায় তল্লাশী চালায় সিবিআই। সকাল সাতটার আগেই তদন্তকারী সংস্থার একটি দল বেলেঘাটায় RG KAR-এর প্রাক্তন অধ্যক্ষ সন্দীপ ঘোষের বাড়িতে পৌঁছে যায়। সঙ্গে ছিল কেন্দ্রীয় বাহিনী। বাড়ির বাইরে ঘন্টা খানেক অপেক্ষা করার পর সন্দীপ নিজেই দরজা খুলে দেন। দুপুরে সেখানে যান আরও কয়েকজন তদন্তকারী। প্রায় ১৩ ঘন্টা জিজ্ঞাসাবাদ ও তল্লাশি পর্ব চলে। এর আগে সিজিও কমপ্লেক্সে গতকাল পর্যন্ত টানা ৯'দিন প্রায় ১০০ ঘন্টা প্রাক্তন অধ্যক্ষকে জেরা করা হয়। আদালতের অনুমতি মেলায় সন্দীপের পলিগ্রাফ টেস্ট'ও করা হবে।

RG KAR–এর ফরেনসিক বিভাগের কর্তা দেবাশিস সোমের কেষ্টপুরের বাড়ি, প্রাক্তন সুপার সঞ্জয় বশিষ্ঠের এন্টালি ও ট্যাংরার ফ্ল্যাট এবং হাওড়ার হাটগাছায় মেডিক্যাল সাপ্লায়ার বিপ্লব সিং-এর বাড়িতেও দীর্ঘ সময় চলে তল্লাশি। রাত ৮'টার পর সন্দীপ ঘনিষ্ঠ সুমন হাজরার হাওড়ার সাঁকরাইলের বাসুদেব পুরের বাড়িতে যায় CBI-এর দল। RG KAR হাসপপাতালে ব্যবহার করা সরঞ্জাম 'রিসাইকেল' করে বিক্রির কারবার আছে তাঁর। তাঁর বাড়ি ও মেডিক্যাল স্টোরে তদন্তকারীরা নথিপত্র খতিয়ে দেখেন। অন্যদিকে, প্রায় ৯'ঘন্টা তল্লাশি ও জিজ্ঞাসাবাদের পর দেবাশিস সোম ও তাঁর স্ত্রীকে নিজাম প্যালেসে তলব করা হয়। বিকেলে হাজির হন তাঁরা। প্রায় সাড়ে চার ঘন্টা চলে জেরা।

CBI-এর আরেকটি দল RG KAR হাসপাতালের প্লাটিনাম জুবিলী বিল্ডিং-এর অফিসে নতুন প্রিন্সপ্যাল মানস বন্দ্যোপাধ্যায় ও নতুন সুপার তথা ভাইস প্রিন্সিপ্যাল সপ্তর্ষি চট্টোপাধ্যায়কে জিজ্ঞাসাবাদ করে। একাধিক ঘরে তল্লাশি চালানো হয়। সন্ধ্যে নাগাদ বেরিয়ে যায় CBI-এর দল। সাংবাদিকদের প্রশ্নের উত্তরে এক আধিকারিক জানান, অনেক কিছুই পাওয়া গেছে। সন্দীপ ঘনিষ্ঠ চন্দন লৌহের টালার বাড়িতেও যান তদন্তকারীরা। তাঁর স্ত্রীর একটি কফি শপ আছে আর জি করে। এর অনুমতি নিয়ম মেনে দেওয়া হয়নি বলে অভিযোগ।

******************************

RG KAR মেডিক্যাল কলেজ হাসপাতালের চিকিতসক পড়ুয়া তরুণীর ধর্ষণ ও খুনের ঘটনায় ধৃত একমাত্র অভিযুক্ত সঞ্জয় রায়ের গতকাল পলিগ্রাফ টেস্ট করা হয়েছে। বেলা সাড়ে ১১'তা নাগাদ CBI-এর দল প্রেসিডেন্সি সংশোধনাগারে যায়। বেরিয়ে আসে প্রায় চার ঘন্টা পর।

সল্টলেকের CGO কমপ্লেক্সে RG KAR-এর প্রাক্তন সুপার বুলবুল মুখোপাধ্যায়, কলকাতা পুলিশের হোমিসাইড শাখা ও বিশেষ তদন্তকারী দলের সদস্য এবং RG KAR আউটপোস্টের ওসি-কে জিজ্ঞাসাবাদ করা হয়।

অন্যদিকে, ফরেন্সিক বিভাগের হেড ক্লার্ক তারক চট্টোপাধ্যায় জানিয়েছেন, টাকা নিয়ে মর্গ থেকে দেহ ছাড়া হতো। দেহ দেখতে গেলেও টাকা দাবী করা হতো।

রাজ্য সরকার তথ্য লোপাটের সবরকম চেষ্টা করছে বলে বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী অভিযোগ করেছেন। গতকাল সাংবাদিকদের কাছে তিনি বলেন-

( বাইট- শুভেন্দু )

RG KAR কান্ডে নির্যাতিতা বড় চক্রান্তের শিকার হয়েছেন বলে রাজ্যের মন্ত্রী শোভনদেব চট্টোপাধ্যায় মন্তব্য করেছেন। গতকাল খড়দায় দলীয় এক অনুষ্ঠানে যোগ দিয়ে তিনি বলেন- ( বাইট- শোভনদেব )

****************************

RG KAR হাসপাতালে তরুণী চিকিৎসককে ধর্ষণ ও খুনের ঘটনা নিয়ে সকলেই চরম হতাশার মধ্যে রয়েছেন বলে কংগ্রেস নেতা অধীর রঞ্জন চৌধুরী মন্তব্য করেছেন। তদন্ত প্রক্রিয়াকে বিপথে চালিত করার এবং যে প্রতিবাদ আন্দোলন চলছে তা ভেঙে দেওয়ার চেষ্টা করা হচ্ছে বলে তাঁর অভিযোগ।

(বাইট- অধীর )

****************************

RG KAR কান্ডের প্রতিবাদে বিজেপি একগুচ্ছ কর্মসূচীর ঘোষণা করেছে। দলের রাজ্য সভাপতি সুকান্ত মজুমদার গতকাল শ্যামবাজারে ধর্না মঞ্চ থেকে এই কর্মসূচীর কথা জানান।

আজ জন্মাষ্টমীর দিন রাজ্যবাসীকে নিজেদের বাড়িতে প্রদীপ জ্বালানোর আহ্বান জানিয়েছেন তিনি।

২৮ তারিখ থেকে ধর্মতলায় ধর্না কর্মসূচী পালনের পাশাপাশি  রাজ্য মহিলা কমিশনে, মহিলা মোর্চা 'তালা লাগাও' অভিযান করবে বলে সুকান্তবাবু জানিয়েছেন।

(বাইট- সুকান্ত  )

RG KAR-এর ঘটনায় ফের রাজ্যের স্বাস্থ্যমন্ত্রী তথা মুখ্যমন্ত্রীকে জিজ্ঞাসাবাদের দাবী জানিয়েছেন সুকান্ত মজুমদার। তিনি বলেন, রাজ্যের স্বাস্থ্য দপ্তরের একের পর এক দুর্নীতি সামনে আসছে। ডাক্তারি ছাত্রীটির হত্যাকে আত্মহত্যা বলেও চালানোর চেষ্টা হয়েছিল।

*****************************

R G কর হাসপাতালে, ডাক্তারি পড়ুয়া ধর্ষণ ও খুনের ঘটনায়, বাস্তবিক দোষীদের চিহ্নিত করে শাস্তির পাশাপাশি  নির্যাতিতার জন্য বিচার চেয়ে আন্দোলনরত জুনিয়র ডাক্তাররা আজ একটি গণ কনভেনশনের ডাক দিয়েছেন। আন্দোলনরত জুনিয়র ডাক্তারদের মঞ্চ 'ওয়েস্ট বেঙ্গল জুনিয়র ডক্টর'স ফ্রন্ট'-এর পক্ষে এক বিবৃতিতে একথা জানানো হয়। জুনিয়র ডাক্তারদের কর্মবিরতির জেরে স্বাস্থ্য ব্যবস্থার বেহাল দশা, কেন্দ্রীয় বাহিনী দিয়ে আরজি কর-কে সুরক্ষিত করার পরেও কাজে যোগ না দেওয়ার কোনো কারণ থাকতে পারে না- বিভিন্ন মহল থেকে এরকম নানা বক্তব্য প্রচারের চেষ্টা করা হচ্ছে বলে ওই বিবৃতিতে উল্লেখ করা হয়। বিবৃতিতে আরো বলা হয়েছে যে, প্রতিটি মেডিক্যাল কলেজে এমার্জেন্সি সহ সমস্ত বিভাগ চালু আছে,

সিনিয়র ডাক্তাররা বাড়তি দায়িত্ব নিয়ে কাজ করছেন। আসল অপরাধীদের আড়াল করার জন্য পুলিশের মদতে হাসপাতালের ভেতরে কোনো চক্র সক্রিয় থাকলে তাঁদের নিরাপত্তা কোথায় সেই প্রশ্ন তুলেছেন আন্দোলনরত জুনিয়র ডাক্তাররা।

আর জি করের প্রাক্তন অধ্যক্ষ সন্দীপ ঘোষকে সাসপেন্ড সহ চার দফা দাবি WBJDF এর পক্ষে করা হয়।

তৃণমূল কংগ্রেস, RG KAR-এর আন্দোলনকারীদের কর্মবিরতি প্রত্যাহার করে কাজে ফেরার আবেদন জানিয়েছে। দলের মুখপাত্র কুণাল ঘোষ গতকাল সাংবাদিকদের বলেন, এই আন্দোলনে সাধারণ রোগীরা পরিষেবা পাচ্ছেন না, যা অত্যন্ত দুর্ভাগ্যজনক।

*****************************

RG KAR কান্ডের প্রতিবাদে আগামীকাল ছাত্র সমাজের ব্যানারে ডাকা নবান্ন অভিযানকে কেন্দ্র করে রাজনৈতিক তরজা চরমে। কলকাতার কলেজ স্কোয়্যার এবং হাওড়ার সাঁতরাগাছিতে দুপুর ১টায় জমায়েত হবে বলে সংগঠকদের পক্ষ থেকে জানানো হয়েছে। এর পরে দুটি মিছিল যাবে নবান্নের উদ্দেশে। গত শুক্রবার প্রেস ক্লাবে এক সাংবাদিক বৈঠক করে মিছিল পুরোপুরি অরাজনৈতিক রাখার অনুরোধ জানিয়েছেন উদ্যেক্তারা।

এদিকে বিজেপি নবান্ন অভিযানে সমর্থনের কথা জানিয়েছে। দলের রাজ্য সভাপতি সুকান্ত মজুমদার, আগামীকাল ইউজিসি নেট পরীক্ষা থাকায় তিনি আয়োজন ছাত্র সংগঠনকে বিষয়টির দিকে নজর রাখারও আবেদন জানিয়েছেন। পাশাপাশি বিজেপি, একটি হেল্পলাইন নম্বর'ও চালু করেছে। সেটি হল- ৮৯২৯-৭৫৯৫-৭৮ ।

DYFI এই কর্মসূচিতে যোগ দিচ্ছে না বলে রাজ্য সম্পাদক মীনাক্ষী মুখোপাধ্যায় জানিয়েছেন।

পুরোপুরি রাজনৈতিক উদ্দেশ্য চরিতার্থ করতেই এই নবান্ন অভিযানের ডাক বলে অভিযোগ করেছেন তৃণমূল মুখপাত্র কুনাল ঘোষ।

এদিকে নবান্ন অভিযানকে কেন্দ্র করে ব্যপক পুলিশি বন্দোবস্তের পাশাপাশি সাধারণ মানুষ ও ইউজিসি নেট পরীক্ষার্থীদের সুবিধায় রাজ্য সরকার দুই জেলায় সড়ক ও জলপথ পরিবহন স্বাভাবিক রাখার নির্দেশ দিয়েছে। সরকারি ছাড়াও রাস্তায় পর্যাপ্ত বেসরকারি বাস পরিষেবা দেওয়ার পাশাপাশি কলকাতা এবং হাওড়ার মধ্যে জলপথে ফেরি পরিষেবা স্বাভাবিক রাখতেও বলা হয়েছে। পাশাপাশি নির্দেশ দেওয়া হয়েছে পর্যাপ্ত অটো, অ্যাপ ক্যাব চালানোর। অপ্রীতিকর কোন ঘটনায় গাড়ির ক্ষতি হলে রাজ্যের তরফে উপযুক্ত ক্ষতিপূরণ দেওয়ারও আশ্বাস দেওয়া হয়েছে।

******************************

পরিবারের কেউ রাজনীতির সঙ্গে যুক্ত নন, এমন যুবক যুবতীদের রাজনৈতিক ব্যবস্থায়  সামিল হওয়ার জন্য আবেদনে বিপুল সাড়া মিলেছে বলে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী জানিয়েছেন। আকাশবাণীতে আজ তাঁর  ১১৩-তম মন কি বাত অনুষ্ঠানে তিনি বলেন,  এব্যাপারে দেশের যুবদের কাছ থেকে তিনি অনেক চিঠি পেয়েছেন। সোশ্যাল মিডিয়াতেও অভূতপূর্ব সাড়া পাওয়া গেছে।

(বাইট- MKB পলিটিক্স ২৬ সেকেন্ড)

******************************

দক্ষিণ বাংলাদেশ ও তার লাগোয়া অঞ্চলের ওপর সৃষ্ট ঘূর্ণাবর্তের প্রভাবে একটি নিম্নচাপ ক্ষেত্র তৈরী হয়েছে। গাঙ্গেয় পশ্চিমবঙ্গ, উত্তর ওড়িশা ও ঝাড়খন্ডের ওপর আগামী দুদিনে এটির আরো সুস্পষ্ট নিম্নচাপে পরিণত হবার সম্ভাবনা। একইসঙ্গে বিস্তৃত রয়েছে মৌসুমী অক্ষরেখা। এর জেরে দক্ষিণবঙ্গে আজ’ও বেশীরভাগ জায়গায় বৃষ্টি হবে। পশ্চিমের জেলাগুলিতে এবং নদীয়া ও মুর্শিদাবাদে ভারী থেকে

অতিভারী বৃষ্টির'ও সতর্কতা থাকছে বলে আকাশবাণীকে জানিয়েছেন আলিপুর আবহাওয়া দপ্তরের বিজ্ঞানী সৌরিশ বন্দ্যোপাধ্যায়।

( বাইট- সৌরিশ )

*****************************

আজ জন্মাষ্টমী। রাজ্য তথা দেশ জুড়ে নানা ধর্মীয় আচার অনুষ্ঠানের মধ্য দিয়ে উদযাপিত হচ্ছে ভগবান শ্রীকৃষ্ণের জন্মদিন, জন্মাষ্টমী। জন্মাষ্টমী উপলক্ষে শ্রীকৃষ্ণের মন্দিরগুলি আলোর মালায় সাজিয়ে তোলা হয়েছে। অনেকের বাড়িতেও জন্মাষ্টমী উপলক্ষে পুজোর আয়োজন করা হয়েছে। ভাদ্র মাসের কৃষ্ণপক্ষের অষ্টমী তিথিতে জন্মাষ্টমী পালিত হয়ে থাকে।

বেলুড় মঠেও যথোচিত ধর্মীয় আচার অনুষ্ঠানের মধ্য দিয়ে জন্মাষ্টমী পালিত উৎসব পালিত হচ্ছে। উত্তর কলকাতার বাগবাজার গৌড়ীয় মিশনে আগামী ২৭ শে আগস্ট পর্যন্ত তিন দিনব্যাপী ভগবত সভা, কীর্তন, সহ নানা অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে। উত্তর ২৪ পরগনার চাকলা লোকনাথ মন্দিরেও নানা ধর্মীয় আচার অনুষ্ঠানের মধ্য দিয়ে জন্মাষ্টমী পালনের আয়োজন করা হয়েছে। কলকাতার ইসকন মন্দিরেও তিন দিনব্যাপী জন্মাষ্টমী উদযাপনের আয়োজন করা হয়েছে।

*****************************

কলকাতা প্রিমিয়ার লীগ ফুটবলে গতকাল ইস্টবেঙ্গল ২-১ গোলে পিয়ারলেস স্পোর্টস ক্লাবকে হারিয়ে দিয়েছে। ইস্টবেঙ্গলের পক্ষে মহম্মদ আশিক ও জেসিন টি কে গোল করেছেন। ১১টি ম্যাচে ৩১ পয়েন্ট নিয়ে গ্রুপ বি-র শীর্ষে রয়েছে ইস্টবেঙ্গল।

অন্যদিকে, ব্যারাকপুর ষ্টেডিয়ামে মোহনবাগান ৮-১ গোলে রেলওয়ে এফ সি-কে পরাজিত করেছে।

****************************

নিরাপত্তার কারণ দেখিয়ে গত ১৮ই আগস্ট-এর বাতিল হয়ে যাওয়া ডার্বি ম্যাচের টিকিটের টাকা যত দ্রুত সম্ভব দর্শকদের ফেরত দেওয়া হবে বলে উদ্যোক্তারা আশ্বাস দিয়েছেন। এজন্য রাজ্যের ক্রীড়া দপ্তরের সঙ্গে যৌথভাবে ডুরান্ড কর্তৃপক্ষ কাজ করছে বলে এক বিবৃতিতে জানানো হয়েছে।

কলকাতা পুলিশের কাছ থেকে অনুমতি পেলেই টিকিটের মূল্য ফেরত দেওয়ার জন্য শিবির করা হবে বলে জানানো হয়েছে।

****************************************************************